দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৮

48

যশোর বোর্ড

# মানবিক কারণে পরীক্ষা গ্রহণের চিন্তা-ভাবনা

বরিশাল অফিস ॥ যশোর শিক্ষাবোর্ড আসন্ন এইচএসসি পরীক্ষার কালো তালিকাভুক্ত পরীক্ষার্থীদের মানবিক কারণে এ বছর পরীক্ষা গ্রহণের চিন্তাভাবনা করিতেছে। শিক্ষা মন্ত্রণালয় এ

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## যশোর বোর্ড

(১ম পৃঃ পর)

ব্যাপারটি সহানুভূতির সহিত বিবেচনা করার জন্য বোর্ডকে অনুরোধ জানাইয়াছে। প্রায় ২ হাজার পরীক্ষার্থীকে বিনানুমতিতে কলেজ পরিবর্তন ও রেজিষ্ট্রেশন বাপলার অভিযোগে কালো তালিকাভুক্ত করা হইয়াছিল। সংশ্লিষ্ট কলেজ তাহাদের ত্রুটি স্বীকার করিয়া মানবিক কারণে পরীক্ষা গ্রহণের অনুরোধ জানায়। পরীক্ষা নিয়ন্ত্রক গত রাতে (শুক্রবার) জানান, এবিষয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয় নাই। তবে বিষয়টি সহানুভূতির সহিত বিবেচনার জন্য তাঁহারা পদক্ষেপ গ্রহণ করিতেছেন।